

সপ্তম অধ্যায়
আচরণবিধি, শৃঙ্খলা ও আপিল
(Code of Conduct, Discipline and Appeal)

৩৭.০০ আচরণবিধি (Code of Conduct) :

প্রত্যেক কর্মচারী এই প্রবিধানমালা মানিয়া চলিবেন এবং ব্যাংকের চাকুরীতে নিয়োজিত থাকাকালীন কর্তৃপক্ষের নির্দেশনা মানিয়া চাকুরী করিবেন এবং নির্দেশনা মোতাবেক পরিচালিত হইবেন। সততা, নিষ্ঠা, দক্ষতা ও কর্তব্যপরায়ণতার সহিত ব্যাংকের চাকুরী করিবেন এবং ভাল ও সহযোগিতাপূর্ণ আচরণ করিবেন। ব্যাংকের ও গ্রাহক সম্পর্কিত যাবতীয় গোপনীয়তা রক্ষা করিবেন। সর্বোপরি পেশাদারী মনোভাব লইয়া ব্যাংকিং নিয়মনীতি পরিপালন ও ব্যাংক স্বার্থ যথাযথভাবে সংরক্ষণ করিবেন।

৩৭.১ কোন কর্মচারী-

৩৭.২.১ কোন রাজনৈতিক আন্দোলনে বা কর্মকাণ্ডে অংশগ্রহণ করিবেন না বা কোন রাজনৈতিক দলের বা রাজনৈতিক দলের অঙ্গ অথবা সহযোগী সংগঠনের সদস্য বা সাংগঠনিক পদে অধিষ্ঠিত হইতে পারিবেন না বা উহার সাহায্যার্থে চাঁদা দান বা অন্য কোন উপায়ে উহার সহায়তা করিবেন না এবং কোন রাজনৈতিক দলীয় অনুষ্ঠানে, সভায়, মিছিলে যোগদান বা অংশগ্রহণ করিতে পারিবেন না;

৩৭.২.২ উর্ধ্বতন কর্তৃপক্ষের পূর্ব অনুমতি ব্যতিরেকে দায়িত্বে অনুপস্থিত থাকিবেন না কিংবা চাকুরীস্থল ত্যাগ করিবেন না;

৩৭.২.৩ ব্যাংকের সহিত লেনদেন রহিয়াছে কিংবা লেনদেন থাকিবার সম্ভাবনা রহিয়াছে এমন ব্যক্তিদের নিকট হইতে কোন দান বা উপহার বা উপটৌকন গ্রহণ করিবেন না;

৩৭.২.৪ কোন বীমা কোম্পানীর অথবা অন্য কাহারো এজেন্ট হিসাবে কাজ করিবেন না এবং কোন বীমা কোম্পানী হইতে কোন প্রকার আর্থিক সুবিধা গ্রহণ করিবেন না;

৩৬.২.৫ কোন ব্যবসায়ের কাজে নিয়োজিত হইবেন না কিংবা নিজে বা অন্য কোন ব্যক্তির প্রতিনিধি হিসাবে অনুরূপ কোন ব্যবসা পরিচালনা করিবেন না;

৩৭.২.৬ উপযুক্ত কর্তৃপক্ষের পূর্ব অনুমোদন ব্যতিরেকে বাহিরের কোন অবৈতনিক বা বৈতনিক চাকুরী গ্রহণ করিবেন না বা কোন প্রতিষ্ঠান বা সংস্থার নির্বাচনে অংশগ্রহণ করিবেন না;

৩৭.২.৭ উপযুক্ত কর্তৃপক্ষের অনুমোদন ব্যতিরেকে অন্য কোন খন্ডকালীন চাকুরী বা কার্যের দায়িত্ব গ্রহণ করিবেন না;

৩৭.২.৮ কোন প্রকারের অনৈতিক কাজে জড়িত হইবেন না;

৩৭.২.৯ ঋণ গ্রহীতা বা আমানতকারী কাহারো সাথে অনৈতিক আর্থিক লেনদেন করিবেন না;

৩৭.২.১০ ব্যাংকের স্বার্থের পরিপন্থী কোন কার্যকলাপে নিজেকে জড়িত করিবেন না ;

৩৭.২.১১ কর্তৃপক্ষের অনুমোদন ব্যতিরেকে কর্মচারী ঋণ ব্যতীত অন্য কোন ঋণের জামিনদার হইবেন না।

৩৭.৩ কোন ব্যক্তিগত নিবেদন থাকিলে তাহা নিয়ন্ত্রণকারী কর্মকর্তার মাধ্যমে পেশ করিবেন। তবে ১০ (দশ) কর্মদিবসের মধ্যে কার্যক্রম গৃহীত না হইলে পরবর্তী উর্ধ্বতন কর্তৃপক্ষ বরাবর আবেদন পেশ করিতে পারিবেন।

৩৭.৪ তাহার চাকুরী সম্পর্কিত কোন বিষয়ে কর্তৃপক্ষ বা উহার কোন কর্মকর্তার উপর প্রত্যক্ষ বা পরোক্ষভাবে সরকারী/বেসরকারী/রাজনৈতিক ব্যক্তিকে ব্যবহার করিবেন না অথবা তাহাদের দ্বারা কোন প্রভাব বিস্তার করিবেন না কিংবা বিস্তারের চেষ্টা করিবেন না।

৩৭.৫ কর্তৃপক্ষের অনুমোদন ব্যতিরেকে ব্যাংকের বিষয়াদি লইয়া সংবাদপত্র বা অন্য কোন গণমাধ্যমের সহিত বা অন্য কোন সংস্থা বা কর্তৃপক্ষের সহিত সরাসরি কোন যোগাযোগ স্থাপন বা কোনরূপ বক্তব্য প্রদান করিবেন না।

৩৭.৬ কোন প্রকারের দুর্নীতির আশ্রয় গ্রহণ করিবেন না। কোন কর্মচারী অন্য কোন কর্মচারীর নিকট হইতে ঋণ গ্রহণ করিতে পারিবেন না এবং অভ্যাসগতভাবে ঋণগ্রস্ততা পরিহার করিবেন ও তাহার জ্ঞাত আয়ের মধ্যে জীবন যাপন করিবেন।

৩৭.৭ উপ-প্রবিধান ৩৭ হইতে ৩৭.৬ তে বর্ণিত নির্দেশনার পরিপন্থী কোন কাজ উপ-প্রবিধান ২.১ এ বর্ণিত অসদাচরণের অন্তর্ভুক্ত হইবে এবং তদনুযায়ী শাস্তিযোগ্য অপরাধ হইবে।